

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পানি সম্পদ মন্ত্রণালয়  
আইসিটি শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mowr.gov.bd](http://www.mowr.gov.bd)

## 'Development and Piloting of WMO-Registration & Irrigation Management System' শীর্ষক উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন

### প্রকল্প পটভূমি

মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে ই-গভর্ন্যান্স তথা সরকারের সকল পর্যায়ে জনগণের সম্পৃক্ততায় ই-সার্ভিস চালুকরণের জন্য WMO Registration & Irrigation System নামে পানি ব্যবস্থাপনা সংগঠন নিবন্ধন ও সেচ ব্যবস্থাপনা পদ্ধতি বিষয়ে একটি ওয়েবভিত্তিক সফটওয়্যার এপ্লিকেশন তৈরি এবং মাঠপর্যায়ে তা বাস্তবায়ন করার পরিকল্পনা গ্রহণ করা হয়। ইতোমধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে এটুআই এর সহযোগিতায় বাংলাদেশ পানি উন্নয়ন এর পরিকল্পনা ও বাস্তবায়নে Development and Piloting of WMO-Registration & Irrigation Management System' শীর্ষক প্রকল্পের সফটওয়্যার তৈরির কাজ সমাপ্ত হয়েছে। তিস্তা সেচ প্রকল্প ও মুহুরী সেচ প্রকল্পে প্রকল্পটির পাইলটিং বাস্তবায়ন চলমান আছে।

৫৯



## পানি ব্যবস্থাপনা সংগঠন নিবন্ধন ও সেচ ব্যবস্থাপনা পদ্ধতি



### পানি ব্যবস্থাপনা সংগঠন নিবন্ধন ও সেচ ব্যবস্থাপনাঃ

নির্দিষ্ট কমিটিঃ ও ক্রম সময়ে সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বা.উ.বো)-এর একটি উদ্ভাবনী উদ্যোগ এই পানি ব্যবস্থাপনা সংগঠন নিবন্ধন ও সেচ ব্যবস্থাপনা পদ্ধতি। এই নিবন্ধনের মাধ্যমে পানি ব্যবস্থাপনা সংগঠন নিবন্ধনের কার্যক্রম প্রারম্ভ সময়ে সম্পন্ন হবে। কৃষক ও মন্ত্রী, এছাড়া কমিটি গঠন, সাধারণ সদস্য পদের জন্য আবেদন, সাধারণ নির্বাচন গঠন, নির্বাচন কমিটি গঠন, নির্বাচন সংক্রান্ত ব্যবস্থার কার্যক্রম যেমন নির্বাচন তহানিকা ঘোষণা, আবেদন, প্রতীক বরাদ্দ বন্টনকরণ ঘোষণা, পানি ব্যবস্থাপনা সংগঠন নিবন্ধন এই সকল কার্যক্রম আনুমানিক প্রারম্ভ সময়ে সম্পন্ন হবে। এছাড়া সেচ কান্ট্রোলার খাল বা পাম্প ভিত্তিক জলের লক্ষ্যমাত্রা, চাহিদা ও সরবরাহের হিসেব পাওয়া যাবে। খালভিত্তিক সেচ নির্দিষ্ট এলাকার পক্ষে থাকবে। এছাড়া সেচের সংরক্ষিত খাল/ছাড়া জলের দুলায়ন ছবির সুযোগ সৃষ্টি হয়েছে।

ছবি:WMO-Registration & Irrigation Management System' শীর্ষক সফটওয়্যার

### প্রকল্প সারসংক্ষেপ

নিবিড় পর্যবেক্ষণ এবং পরিষেবার তাৎক্ষণিক সরবরাহ নিশ্চিত করার জন্য এই পানি ব্যবস্থাপনা সংগঠন নিবন্ধন এবং সেচ ব্যবস্থাপনার ব্যবস্থা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের একটি উদ্ভাবনী উদ্যোগ। এই ব্যবস্থার মাধ্যমে পানি ব্যবস্থাপনা সংগঠন নিবন্ধকরণ কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করা যেতে পারে। কৃষক আদমশুমারি, অ্যাডহক কমিটি গঠন, সাধারণ সদস্যপদের জন্য আবেদন, সাধারণ কমিটি গঠন, নির্বাচন কমিটি গঠন, নির্বাচনের তফসিল ঘোষণা, আবেদন, প্রতীক বরাদ্দ, ফলাফল ঘোষণা, পানি ব্যবস্থাপনা সংগঠন নিবন্ধনের মতো নির্বাচন সম্পর্কিত কার্যক্রম ও সম্পাদন করা যায়। এছাড়াও সেচ ব্যবস্থাপনা খাল বা পাম্প ভিত্তিক জলের লক্ষ্যমাত্রা, চাহিদা এবং সরবরাহের প্রতিবেদন পাওয়া যায়। খাল ভিত্তিক সেচের সময়সূচি সরবরাহের ব্যবস্থা করা হবে। এছাড়াও সমস্ত তথ্য যেমন সংরক্ষিত থাকে, সেই তথ্য ব্যবহারপূর্বক কাজটি মূল্যায়নেরও সুযোগ রয়েছে।

*Handwritten signature*



## উপকারভোগীর সেবাঃ

### সাধারণ সদস্য পদের জন্য নিবন্ধন

সংগঠনের সাধারণ সদস্য পদের জন্য নিবন্ধনের ক্ষেত্রে আপনার প্রয়োজনীয় তথ্য মেম্বারশিপ ফর্ম ও গোপন মন্ত্র দিয়ে নিবন্ধন করবেন।



### এল এল পি বুকিং

মুহুর্ত প্রকল্প আওতাধীন ব্যক্তিগত যাহারা এল এল পি হইতে পানি গ্রহণের মাধ্যমে সেচ প্রদান করেন তাহারা ব্যক্তি বসেই নিত্যের পছন্দমত সময়ে এল এল পি বুকিং করতে পারবেন।

### সাধারণ সদস্য তালিকা

সংগঠন ত্রিভুজ সাধারণ সদস্য তালিকা, তাদের যোগাযোগের তথ্য ও নিত্যপত্র বিবরণ।



### আভ্যোগ ব্যবস্থাপনা

প্রকল্পের আওতাভুক্ত কৃষকগণ তাদের মোবাইল নম্বরের মাধ্যমে স্ব-স্ব এলাকার অভিযোগ সংঘটনের ব্যবস্থাপনা কমিটি এবং পানি উন্নয়ন বোর্ড কর্তৃপক্ষ বরাবর করতে পারবেন।

ছবি: WMO-Registration & Irrigation Management System' শীর্ষক সফটওয়্যারে  
উপকারভোগীদের সেবা

## তিস্তা সেচ প্রকল্পে পাইলটিং বাস্তবায়ন

দেশের সর্ববৃহৎ তিস্তা সেচ প্রকল্পে ডিজিটাল পানি ব্যবস্থাপনায় রূপান্তরের কার্যক্রম চালু করা হয়েছে। তিস্তার সঙ্গে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ফেনীর মুহুরী সেচ প্রকল্পকেও ডিজিটাল পানি ব্যবস্থাপনায় যুক্ত করা হয়েছে। তিস্তা সেচ প্রকল্প হলো বাংলাদেশের উত্তরাঞ্চলে অবস্থিত দেশের বৃহত্তম সেচ প্রকল্প। দেশের উত্তরাঞ্চল খরাপীড়িত এলাকা হওয়ায় তৎকালীন ব্রিটিশ আমলে ১৯৩৭ সালে তিস্তা ব্যারেজ নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়। পরবর্তীতে এর কাজ শুরু হয় ১৯৭৯ সালে এবং ১৯৯০ সালে এর নির্মাণ কাজ শেষ হয় এবং একই বছর ৫ আগস্ট এর কার্যক্রম চালু হয়। এ প্রকল্পটি নীলফামারী, রংপুর ও দিনাজপুর জেলার ৫ লক্ষ ৪০ হাজার হেক্টর জমিতে সেচ সুবিধা প্রদান করে। প্রকল্পটির পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্বে রয়েছে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।



ছবি: বাংলাদেশের সর্ববৃহৎ তিস্তা সেচ প্রকল্প

BA

গত ০৫ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে শুক্রবার ডালিয়ায় 'Development and Piloting of WMO-Registration & Irrigation Management System' শীর্ষক প্রকল্পের পরিদর্শনে যান পানিসম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশাসন) ও চীফ ইনভেশন অফিসার মোঃ আজাদুর রহমান মল্লিক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ইনোভেশন অফিসার ও সিস্টেম এনালিস্ট আরিফ ইকরামুল আজিম সহ ইনোভেশন ও প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



ছবি : *Development and Piloting of WMO-Registration & Irrigation Management System* শীর্ষক প্রকল্প এলাকা পরিদর্শন

এছাড়া অবসর সভাকক্ষে নলেজ শেয়ারিং প্রোগ্রামের মাধ্যমে এই কার্যক্রমের উদ্বোধন করেন পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশাসন) ও চীফ ইনভেশন অফিসার মোঃ আজাদুর রহমান মল্লিক। দিনব্যাপী কর্মশালায় তিস্তা সেচ প্রকল্পের এসওয়ানটি ও এসসিক্স-টিপানি ব্যবস্থাপনা এ্যাসোসিয়েশনের (ডব্লিউএমএ) প্রকল্পের ৫০ জন সুবিধাভোগী কৃষক ও কৃষক প্রতিনিধিকে মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সেচ ব্যবস্থার ডিজিটাল পদ্ধতি সম্পর্কে অবহিত করা হয়।

SM





ছবি: ডালিয়ায় অবসর সভাকক্ষে দিনব্যাপী নলেজ শেয়ারিং প্রোগ্রামে উন্মুক্ত আলোচনা পর্ব

দিনব্যাপী কর্মশালায় তিস্তা সেচ প্রকল্পের ৫০ (পঞ্চাশ) জন এস ১টি ওএস ৬টি পানি ব্যবস্থাপনা এসোসিয়েশন (WMA) কৃষক প্রতিনিধি ও কৃষক তাদের নানা প্রশ্ন ও জিজ্ঞাসা তুলে ধরেন এবং উন্মুক্ত আলোচনা পর্বে তারা প্রকল্পের সাফল্যের জন্য নানা পরামর্শ দেন। তাদের বক্তব্যে উত্তরাঞ্চলের কৃষির সেচের পানির চাহিদা পূরণে তিস্তা সেচ প্রকল্পের গুরুত্ব ফুটে ওঠে।

### মুহুরী সেচ প্রকল্পে পাইলটিং বাস্তবায়ন

ফেনীর মুহুরী সেচ প্রকল্পে ডিজিটাল পানি ব্যবস্থাপনায় রূপান্তরের কার্যক্রম চালু করা হয়েছে। এর সঙ্গে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের তিস্তা সেচ প্রকল্পকেও ডিজিটাল পানি ব্যবস্থাপনায় যুক্ত করা হয়েছে। মুহুরী প্রকল্প বা মুহুরী সেচ প্রকল্প বাংলাদেশের ফেনী জেলার সোনাগাজী উপজেলায় অবস্থিত। ১৯৭৭-৭৮ অর্থ বছরে মুহুরী সেচ প্রকল্পের কাজ শুরু হয় এবং ১৯৮৫-৮৬ অর্থ বছরে বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম এই সেচ প্রকল্পের নির্মাণ কাজ শেষ হয়।

*SH*





ছবি: বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম ফেনীর মুহুরী সেচপ্রকল্প

উক্ত সেচ প্রকল্পটির ফলে ২০,১৯৪ হেক্টর এলাকায় সেচ সুবিধা এবং ২৭,১২৫ হেক্টর এলাকা সম্পূরক সেচ সুবিধার আওতায় আসে। প্রকল্পটির পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্বে রয়েছে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

গত ২৮ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে (রবিবার) ফেনীতে 'Development and Piloting of WMO-Registration & Irrigation Management System' শীর্ষক প্রকল্পের পরিদর্শনে যান পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশাসন) ও চীফ ইনভেশন অফিসার মোঃ আজাদুর রহমান মল্লিক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ইনোভেশন অফিসার ও সিস্টেম এনালিস্ট আরিফ ইকরামুল আজিম সহ ইনোভেশন ও প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ।




ছবি: Development and Piloting of WMO-Registration & Irrigation Management System' শীর্ষক প্রকল্প এলাকা পরিদর্শন

SM



এছাড়াপানি সম্পদ মন্ত্রণালয় ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আয়োজনে ফেনীর মিডটাউন কনভেনশন হলে মুহুরী সেচ প্রকল্পের আওতাধীন কৃষক ও কৃষক-প্রতিনিধিদের নিয়ে WMO Registration & Irrigation Management System বিষয়ে একটি দিনব্যাপী নলেজ শেয়ারিং সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এই কার্যক্রমের উদ্বোধন করেন পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশাসন) ও চীফ ইনভেশন অফিসার মোঃ আজাদুর রহমান মল্লিক। কর্মশালায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ফেনীর জেলা প্রশাসক মো. ওয়াহিদুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর মো: মনিরুল ইসলাম এবং প্রধান পানি ব্যবস্থাপনা মাহফুজ আহমদ (প্রধান পানি ব্যবস্থাপনা)। ফেনী পণ্ডর সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো: নাসির উদ্দীনের সভাপতিত্বে আয়োজিত এই সেমিনারে পানি সম্পদ মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থা-অধিদপ্তরসমূহের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



ছবি: ফেনীর মিডটাউন কনভেনশন হলে মুহুরী সেচ প্রকল্পের আওতাধীন কৃষক ও কৃষক-প্রতিনিধিদের নিয়ে WMO Registration & Irrigation Management System বিষয়ে একটি দিনব্যাপী নলেজ শেয়ারিং সেমিনার


দিনব্যাপী কর্মশালায় মুহুরী সেচ প্রকল্পের বিভিন্ন পানি ব্যবস্থাপনা দল ও এসোসিয়েশন এর কৃষক প্রতিনিধি ও কৃষক তাদের নানা প্রশ্ন ও জিজ্ঞাসা তুলে ধরেন এবং উন্মুক্ত আলোচনা পর্বে তারা পানি ব্যবস্থাপনা সংগঠনের জন্যে অনলাইনে আবেদন গ্রহণ ও রেজিস্ট্রেশন প্রক্রিয়াকরণ ও সংগঠন পরিচালনার তথ্য ইত্যাদি ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা, সহজলভ্যতা, প্রচার, সময় লাঘব ও দক্ষতা বৃদ্ধিতে এই সফটওয়্যারটি কার্যকর ভূমিকা রাখবে বলে মন্তব্য করেন। উপরন্তু উক্ত প্রকল্প বাস্তবায়িত হলে কৃষকের জমিতে সেচের পানির সিডিউল, ফসল উৎপাদনের তথ্য, অবকাঠামো রক্ষণাবেক্ষণ সিডিউল ও তথ্য, সেচকর ধার্য ও আদায়ের তথ্য ইত্যাদি ব্যবস্থাপনায়

শু


স্বচ্ছতা, জবাবদিহিতা, সহজলভ্যতা, প্রচার, সময় লাঘব ও দক্ষতা বৃদ্ধি পাবে বলে তারা প্রকল্প সংশ্লিষ্টদের নিকট ধন্যবাদ জ্ঞাপন করেন।

### বাস্তবায়ন মূল্যায়ন

তিস্তা সেচ প্রকল্প ও মুহুরী সেচ প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করে এবং উপকারভোগী ও মাঠ পর্যায়ের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের সাথে আলোচনার মাধ্যমে প্রতীয়মান হয়েছে যে প্রকল্পটির পাইলটিং কাজ যথাযথ ভাবে বাস্তবায়ন চলমান। বিশ্বব্যাপী মহামারীর ভেতরেও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ তাদের কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি চলমান রাখতে সমর্থ হয়েছেন।

  
02/06/22

মোহাঃ শহীদুল্লাহ কায়সার  
সিস্টেম এনালিস্ট  
পানি সম্পদ মন্ত্রণালয়

  
02/06/2022

মোঃ আজহারুল ইসলাম মল্লিক  
যুগ্মসচিব (প্রশাসন) ও  
চীফ ইনোভেশন অফিসার  
পানি সম্পদ মন্ত্রণালয়